

এই পত্রিকায় লেখালেখি ও
বিজ্ঞাপনের জন্য হোয়াটসঅ্যাপ করুন
৯৬৪১৮৫৯৫৬৭ / 9641859567
email :
khabarerghanta@gmail.com

খবরের ঘন্টা
শুধুই ইতিবাচক ভাবনা Bengali Weekly
KHABARER GHANTA
PRGI NO. 141910 (OLD NO : WBBEN/2015/69355)

এই পত্রিকায় লেখালেখি ও
বিজ্ঞাপনের জন্য হোয়াটসঅ্যাপ করুন
৯৬৪১৮৫৯৫৬৭ / 9641859567
email :
khabarerghanta@gmail.com

দশম বর্ষ, সংখ্যা : ২২, সাপ্তাহিক ৩০ আগস্ট ২৬, রবিবার KHABARER GHANTA, Bengali weekly, 30 Aug. 26, Sunday, Siliguri, Vol. 10, Issue 22, Rs. 2

তুলির টানে সৃজনশীলতার উৎসব



এই চিত্র প্রদর্শনীতে মোট ২৩৮ জন ছাত্রছাত্রী অংশ নেয়। রবিবার ছিল পুরস্কার বিতরণী অনুষ্ঠান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সারদা শিশু তীর্থ, সেবক রোড, দুই মাইল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান আচার্য নির্ভয়কান্তি ঘোষ, সারদা শিশু তীর্থ, ঘোষোমালি শাখার প্রধান আচার্য গোপিনাথ কর্মকার, বিশিষ্ট নৃত্য শিক্ষিকা সঙ্গীতা চাকি-সহ আরও অনেকে।

ছাত্রছাত্রীদের খুঁজতে তিনি বাড়ি বাড়ি ঘুরতেন। সেই সময় মাত্র দু'জন ছাত্রকে নিয়ে শুরু হয়েছিল পথচলা। ধীরে ধীরে সেই সংখ্যা বেড়ে আজ শতাধিক। নিয়মিত চর্চা ও প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীরা নিজেদের প্রতিভাকে আরও বিকশিত করছে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে নির্ভয়কান্তি ঘোষ ও গোপিনাথ কর্মকার তাঁদের বক্তব্যে সৃজনশীলতা, ইতিবাচক ভাবনা এবং সত্যিকারের মানুষ হয়ে ওঠার গুরুত্ব তুলে ধরেন। তাঁদের বক্তব্যে উঠে আসে, শুধু ভালো ছবি আঁকা নয়, শিল্পচর্চার মাধ্যমে সুন্দর মন, ইতিবাচক চিন্তা এবং মানবিক মূল্যবোধ গড়ে তোলাও জরুরি।

নিজস্ব প্রতিবেদন : শুরুতে মাত্র ২ জন ছাত্র। বাড়ি বাড়ি ঘুরে ছাত্র সংগ্রহ করে তরুণ পালের শুরু করা পথচলায় আজ নন্দন ফাইন আর্ট স্কুলের ছাত্রছাত্রী শতাধিক। ২৩৮ জন শিল্পীর অংশগ্রহণে এবার রামকিঙ্কর প্রদর্শনী হলে ফুটে উঠল

খুঁজে শিল্পীদের সৃজনশীল প্রতিভা। নন্দন ফাইন আর্ট স্কুলের উদ্যোগে ২২ ও ২৩ আগস্ট রামকিঙ্কর এক্সিবিশন হল, তথ্যকেন্দ্র, শিলিগুড়িতে অনুষ্ঠিত হল নন্দন প্রতিভা অ্যাওয়ার্ড ২০২৬-এর ২৩তম বর্ষের আর্ট এক্সিবিশন। দু'দিনের

ছাত্রছাত্রীদের আঁকা বিভিন্ন ছবিতে তাঁদের কল্পনা, সৃজনশীলতা ও শিল্পীসত্তার প্রকাশ ঘটে।

নন্দন ফাইন আর্ট স্কুলের অধ্যক্ষ তরুণ পাল জানান, বেশ কয়েক বছর আগে চিত্রাঙ্কনের প্রতি আগ্রহী

নন্দন ফাইন আর্ট স্কুল সারদা নগর, তেলিপাড়ায় অবস্থিত। দুই দিনের প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে ঘিরে ছাত্রছাত্রী, অভিভাবক ও শিল্পানুরাগীদের মধ্যে ছিল উৎসাহ ও আনন্দের আবহ।



পুজোর বাজার জমজমাট; আপনার ব্যবসার প্রচারও হোক জমজমাট!

পুজোর কেনাকাটা শুরু হয়ে গেছে।

এই সময় আপনার দোকান, শপিং সেন্টার, বুটিক, রেস্টোরাঁ,

বিভিন্ন পার্লার বা যেকোনও ব্যবসার বিজ্ঞাপন পৌঁছে দিন ক্রেতাদের কাছে।

বিজ্ঞাপন দিন ; খবরের ঘন্টায় • প্রিন্ট মিডিয়া-র পাশাপাশি

ডিজিও ও সোশ্যাল মিডিয়া প্রচার; দুই মাধ্যমেই পৌঁছে যাবে আপনার বিজ্ঞাপন।

খবরের ঘন্টা ফেসবুক পেজের ফলোয়ার ১ লক্ষেরও বেশি!

পুজোর আগে আপনার ব্যবসাকে আরও বেশি মানুষের কাছে

পৌঁছে দিতে আজই বিজ্ঞাপন দিন।

যোগাযোগ ও বিজ্ঞাপনের জন্য ৯৬৪১৮৫৯৫৬৭

এই পুজোয় আপনার ব্যবসার সাফল্যের সঙ্গী--খবরের ঘন্টা।





খবরের ঘন্টা

শুধুই ইতিবাচক ভাবনা

KHABARER GHANTA

PRGI NO. 141910 (OLD NO : WBBEN/2015/69355)

উপদেষ্টামণ্ডলী : জ্যোৎস্না আগরওয়ালা (পরিবেশবিদ ও সমাজসেবী), ডাঃ শীর্ষেন্দু পাল গৌরীশঙ্কর ভট্টাচার্য (লেখক), গৌতমবুদ্ধ রায়, মনা পাল (শিল্পোদ্যোগী), তরুন মাইতি (সমাজকর্মী), রাজ বসু (ভ্রমণ গবেষক), দীপজ্যোতি চক্রবর্তী (পরিবেশবিদ), সোমনাথ চট্টোপাধ্যায় (সমাজকর্মী), ডাঃ জি বি দাস (স্ত্রী রোগ বিশেষজ্ঞ), নির্মল কুমার পাল (সাধারণ সম্পাদক, হায়দরপাড়া স্পোর্টিং ক্লাব), সনৎ ভৌমিক (সমাজসেবী ও ব্যবসায়ী), সামসুল আলম (শিক্ষক), বিপ্লব সেনগুপ্ত (অবসরপ্রাপ্ত শিক্ষক এবং আইনজীবী), সাজু তালুকদার (সমাজসেবী, বীরপাড়া), নির্মলেন্দু দাস (কবি ও বিজ্ঞানী), ভাস্কর বিশ্বাস(শিল্প ইঞ্জিনিয়ার), অশোক রায় (পন্ডিচেরী), শিবেশ ভৌমিক (সমাজসেবী ও ব্যবসায়ী, বিধাননগর, শিলিগুড়ি), পুষ্পজিৎ সরকার(শিক্ষক), ডঃ রঘুনাথ ঘোষ (অধ্যাপক, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়), অনিন্দিতা চ্যাটার্জী (আনন্দধারা সঙ্গীত একাডেমি, সঙ্গীত শিল্পী), সোনালি সামন্ত (রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত নার্স, বানারহাট) , ডঃ রতন বিশ্বাস (বিশিষ্ট লেখক ও সাহিত্যিক), ডঃ গৌরমোহন রায় (বিশিষ্ট লেখক ও সাহিত্যিক), পদ্মশ্রী ধনীরাম টোটো, বীরেন চন্দ (সম্পাদক, উত্তরধ্বনি পত্রিকা), নীতিশ বসু (চেয়ারম্যান, পূর্ণিমা বসু মেমোরিয়াল ট্রাস্ট), কমলেশ গুহ (সমাজসেবী, দ্য হিমালয়ান আই ইন্সটিটিউট), নন্দিতা ভৌমিক (বাচিক শিল্পী), সোমা দাস (শিক্ষিকা), পাঞ্চালি চক্রবর্তী (সঙ্গীত শিল্পী), প্রিসকিল্লা ইলোরা লাকড়া (সমাজসেবী, শিলিগুড়ি), ডঃ বিমল চন্দ

সম্পাদকীয়

সংস্কৃতি ডুবছে, জাগুক

শুভবোধ

পশ্চিমবঙ্গের সংস্কৃতি আমাদের গর্ব, আমাদের পরিচয়। কিন্তু আজ মনে হচ্ছে, সেই সংস্কৃতির ভিতটাই কোথাও কোথাও দুর্বল হয়ে পড়ছে। তার অন্যতম কারণ--অতিরিক্ত নিন্দা, সমালোচনা, হিংসা ও পরস্পরকে ছোট করার মানসিকতা। নিন্দা-সমালোচনা কখনও কোনও সমাজ বা রাজ্যের উন্নতি ঘটাতে পারে না; বরং মানুষের মনকে ধীরে ধীরে সংকীর্ণ ও নিচু করে দেয়।

সামনেই পুজো। অশুভের বিদায় এবং শুভের আহ্বানই তো এই উৎসবের মূল বার্তা। কিন্তু সত্যিকারের অশুভকে বিদায় জানাতে হলে শুধু প্রতিমার সামনে নয়, নিজের মনের ভিতরেও কিছু পরিবর্তন আনতে হবে। হিংসা, বিদ্বেষ, অহংকার, পরশ্রীকাতরতা ও অকারণ সমালোচনাকে দূরে সরিয়ে ভালোকে স্বীকার করার মানসিকতা তৈরি করতে হবে।

আমরা যদি অন্যের সাফল্যে আনন্দিত হতে শিখি, ভালো কাজকে উৎসাহ দিই এবং ভুল হলে সংশোধনের পথ দেখাই, তাহলেই সংস্কৃতি আবার প্রাণ ফিরে পাবে। পুজোর আলো শুধু মণ্ডপে নয়, আমাদের মনেও জ্বলে উঠুক।

শুভবোধের জাগরণই হোক এবারের পুজোর সবচেয়ে বড় উৎসব।



ভালোবাসায় ১০ সারমেয়ের

ঘর



নিজস্ব প্রতিবেদনঃ ভালোবাসার টানে ঘর বদলালেও বদলাননি অভ্যাস। নিজের বাড়িতে না থেকেও নির্মীয়মাণ ভবনে পথকুকুরদের জন্য তৈরি করে দিয়েছেন আশ্রয়ের ঘর। শিলিগুড়ির দক্ষিণ দেশবন্ধুপাড়ার সুমিতা দাশগুপ্তের জীবনের প্রায় ৩০ বছর জুড়ে এমনই সারমেয়প্রেম; যার বিনিময়ে তিনি পান নিঃস্বার্থ ভালোবাসা।

সুমিতাদেবীর কুকুরের প্রতি ভালোবাসার শুরু শৈশবেই। বাবাকে কুকুরদের ভালোবাসতে দেখে সেই টান তাঁর মধ্যেও তৈরি হয়। বর্তমানে নিয়মিত দশটিরও বেশি পথকুকুরকে খাওয়ানো, পরিচর্যা এবং আশ্রয়ের ব্যবস্থা করেন তিনি। সকাল, দুপুর, বিকেল ও রাতে; দিনে চারবার স্নেহ-ভালোবাসা দিয়ে তাদের দেখভাল করেন।

বর্তমানে যে বাড়িতে তিনি থাকতেন সেখানে নতুন বিল্ডিং তৈরির কাজ শুরু হয়েছে। তাই তাঁকে অন্যত্র ভাড়া বাড়িতে থাকতে হচ্ছে। কিন্তু তাতে পথকুকুরগুলির প্রতি দায়িত্ব থেকে পিছিয়ে যাননি তিনি। নির্মীয়মাণ ভবনেই তাদের জন্য তৈরি করে দিয়েছেন আশ্রয়ের ঘর। প্রতিদিন নিয়ম করে সেখানে গিয়ে তাদের খাবার দেন, খেঁজখবর নেন এবং পরিচর্যা করেন। এই কাজে সুমিতাদেবীর পাশে রয়েছেন তাঁর স্বামী দেবাশীষ দাশগুপ্ত এবং কন্যা দেবমিতা দাশগুপ্ত। দেবমিতা একটি স্কুলে শিক্ষকতা করার পাশাপাশি নিয়মিত ছেলেমেয়েদের অঙ্কন শেখান। মায়ের মতো তিনিও পথকুকুরদের প্রতি গভীর ভালোবাসা নিয়ে তাদের যত্নে সামিল হয়েছেন।

সুমিতাদেবী জানান, মূলত তাঁর স্বামীর পেনশনের টাকাতেই চলে এই সারমেয়প্রেমের কর্মকাণ্ড। তাঁর কথায়, কুকুরদের যতটা ভালোবাসা দেওয়া হয়, তার চেয়েও বেশি ভালোবাসা যেন ফিরে আসে তাদের কাছ থেকে।

আগামী ২৬ আগস্ট আন্তর্জাতিক কুকুর দিবসকে সামনে রেখে সুমিতাদেবীর আবেদন, পথকুকুরদের নিয়মিত নির্বীজকরণ অত্যন্ত জরুরি। পালা করে নিয়মিত নির্বীজকরণ করা হলে পথকুকুরের সংখ্যাও নিয়ন্ত্রণে থাকবে, কুকুরগুলিও ভালো থাকবে এবং সমাজও উপকৃত হবে। পাশাপাশি পথকুকুরদের নিয়মিত টিকাকরণের উপরও জোর দেন তিনি। এই বিষয়ে সরকারের আরও নজরদারি ও উদ্যোগের দাবি জানিয়েছেন সুমিতাদেবী ও তাঁর পরিবার।

তাঁদের কাছে সারমেয়প্রেম শুধু আবেগ নয়, প্রতিদিনের দায়িত্ব। আর সেই দায়িত্বের মধ্যেই তাঁরা খুঁজে পান এক নিঃস্বার্থ, নির্ভেজাল ভালোবাসার সম্পর্ক।

পাঠক সংযোগ বিভাগ

আপনার শহর, আপনার কথা

শহর আমাদের সবার। তাই শহরের কথা বলার অধিকারও সবার।

রাস্তার সমস্যা হোক বা ভালো উদ্যোগ--আপনার চোখে যা গুরুত্বপূর্ণ, তা আমাদের জানান।

ইতিবাচক মতামত, গঠনমূলক পরামর্শ এবং সমাজের উন্নয়নের ভাবনা--সবই আমরা স্বাগত জানাই।

কারণ খবরের ঘন্টা শুধু একটি পত্রিকা নয়, এটি শিলিগুড়ির মানুষের কণ্ঠস্বর।

হোয়াটসঅ্যাপে মেসেজ করুন : ৯৬৪১৮৫৯৫৬৭

সম্পাদক, খবরের ঘন্টা

মডেলে মডেলে মেধার ঝলক



নিজস্ব প্রতিবেদন : রোবট থেকে বৃষ্টির জল সংরক্ষণ, সৌরশক্তি থেকে পরিবেশবান্ধব এয়ারকুলার; খুদে বিজ্ঞানীদের নানা উদ্ভাবনী ভাবনায় জমে উঠল মডেল প্রদর্শনী।

গণিত ও বিজ্ঞানচেতনা বাড়ানোর লক্ষ্যে একসঙ্গে হাজির হলো ১২টি বিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থী।

তাদের তৈরি মডেলে ফুটে উঠল বিজ্ঞানমনস্কতা, পরিবেশ সচেতনতা ও নতুন কিছু করার আগ্রহ।

বিদ্যাভারতীর অধীন শিলিগুড়ি

জেলার ১২টি বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে গণিত ও বিজ্ঞান মডেল প্রদর্শনী এবং প্রতিযোগিতা অনুষ্ঠিত হল শনিবার, ২২ আগস্ট, শিলিগুড়ির সেবক রোডের দুই মাইল এলাকার সারদা শিশু তীর্থ মাধ্যমিক বিদ্যালয়ে।

বিভিন্ন বিদ্যালয় থেকে তিন শতাধিক শিক্ষার্থী নিজেদের তৈরি মডেল নিয়ে এই প্রদর্শনী ও প্রতিযোগিতায় অংশ নেয়। বিজ্ঞান ও গণিতের নানা মডেল প্রদর্শনের পাশাপাশি আয়োজিত হয় পত্রবাচন। সেখানে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে আয়ুর্বেদের ভূমিকা, বীজগণিত, ত্রিকোণমিতি ও পরিমাপের ক্ষেত্রে ভারতীয়দের অবদান এবং বিভিন্ন ক্ষেত্রে তার ব্যবহারিক প্রয়োগ নিয়ে শিক্ষার্থীরা নিজেদের বক্তব্য তুলে ধরে।

পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের ভাবনাতেও তৈরি হয়েছিল একাধিক

মডেল। উদ্ভাবনী মডেলের মধ্যে বিশেষ নজর কাড়ে স্বয়ংক্রিয় বাধা শনাক্তকারী অনুসন্ধানী রোবট, বৃষ্টির জল সংরক্ষণ করে বিভিন্ন কাজে ব্যবহারের মডেল এবং পরিবেশবান্ধব ছোট এয়ারকুলার।

এছাড়াও ফায়ার ফাইটিং রোবট, জল শুদ্ধিকরণ, সৌরশক্তির ব্যবহার-সহ বিভিন্ন বিষয়ের মডেল নিয়ে হাজির হয় শিক্ষার্থীরা। নিজেদের উদ্ভাবনী চিন্তা, বিজ্ঞানমনস্কতা ও পরিবেশ সচেতনতার পরিচয় দেয় তারা।

সারদা শিশু তীর্থ সেবক রোড দুই মাইল মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালন সমিতির সম্পাদক পবন কুমার নাকিপুরিয়া এবং সহ-সম্পাদক তথা বিশিষ্ট আইনজীবী ও শিক্ষাবিদ বিপ্লব সেনগুপ্ত জানান, শিক্ষার্থীদের মধ্যে জিজ্ঞাসু মন তৈরি, জ্ঞান বৃদ্ধি এবং গণিত ও বিজ্ঞানচেতনা আরও শক্তিশালী করতেই এই ধরনের আয়োজন করা হয়েছে।

চিকিৎসায় মানবিকতার হাত



নিজস্ব প্রতিবেদন : শিলিগুড়ি তথা উত্তরবঙ্গের মানুষের জন্য ফের এক মানবিক উদ্যোগ।

বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে আয়োজন করা হলো একটি বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির।

বিশেষজ্ঞ চিকিৎসকের মাধ্যমে এই শিবিরে সাধারণ মানুষ চিকিৎসা পরিষেবা পাওয়ার সুযোগ পেলেন।

এসোসিয়েশন অফ ফিজিশিয়ানস অফ ইন্ডিয়ায়

সহযোগিতায় এবং রোটারি উত্তরায়ণ এর উদ্যোগে এই বিনামূল্যের মেডিক্যাল ক্যাম্পের আয়োজন করা হয়। শিলিগুড়ি তথা উত্তরবঙ্গের বিশিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ শীর্ষেন্দু পালের উদ্যোগে এই মানবিক প্রয়াস বাস্তবায়িত হয়।

অর্থের অভাবে যাতে কোনও মানুষ চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত না হন, সেই লক্ষ্যেই এমন উদ্যোগ বলে আয়োজকদের তরফে বিশিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ শীর্ষেন্দু পাল জানিয়েছেন। শিবিরে সাধারণ মানুষের স্বাস্থ্য পরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসা পরামর্শ দেওয়ার ব্যবস্থা হয়।

চিকিৎসার পাশাপাশি সমাজের মানুষের পাশে দাঁড়ানোর এই উদ্যোগ মানবিকতার এক উজ্জ্বল দৃষ্টান্ত বলেই মনে করছেন সংশ্লিষ্টরা।

পেপারলেস শিলিগুড়ি জেলা হাসপাতাল, দ্বিগুণ হবে ডায়ালিসিস বেড



নিজস্ব প্রতিবেদন : আরও আধুনিক হচ্ছে শিলিগুড়ি জেলা হাসপাতাল। এবার ধাপে ধাপে হাসপাতালকে পেপারলেস করার উদ্যোগের পাশাপাশি ডায়ালিসিস বিভাগের বেডের সংখ্যা পাঁচ থেকে বাড়িয়ে দশ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রোগীবান্ধব পরিকাঠামো গড়ে তুলতেও একাধিক পরিকল্পনা নেওয়া হচ্ছে। বুধবার রোগী কল্যাণ সমিতির বৈঠকের পর এই পরিকল্পনার কথা জানান রাজ্যের পর্যটনমন্ত্রী শংকর ঘোষ। তিনি জানান, প্রযুক্তিনির্ভর পরিষেবা গড়ে তোলার লক্ষ্যেই পেপারলেস ব্যবস্থা চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে। এর ফলে রোগীর নথি সংরক্ষণ এবং চিকিৎসা ও প্রশাসনিক কাজ আরও

দ্রুত ও সহজ হবে বলে আশা করা হচ্ছে।

বর্তমানে জেলা হাসপাতালের ডায়ালিসিস বিভাগে পাঁচটি বেড রয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী সেই সংখ্যা বাড়িয়ে ১০টি করা হবে। এতে কিডনি রোগীদের ডায়ালিসিস পরিষেবা পাওয়ার ক্ষেত্রে চাপ কমবে বলে মনে করা হচ্ছে।

হাসপাতালের পার্কিং সমস্যা নিয়েও বৈঠকে আলোচনা হয়েছে। রোগী ও তাঁদের পরিজনদের সুবিধার কথা মাথায় রেখে পার্কিং ব্যবস্থা উন্নত করার পাশাপাশি হাসপাতাল চত্বরে আরও আধুনিক সুযোগ-সুবিধা তৈরির পরিকল্পনা রয়েছে বলে জানান মন্ত্রী। এদিন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও হাসপাতালের সুপারকে পাশে রেখেই হাসপাতালের ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরেন শংকর ঘোষ। পাশাপাশি শিশুদের চিকিৎসার পরিবেশ আরও উন্নত করতে পিডিয়াট্রিক বিভাগকে সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত করার উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।

পেপারলেস পরিষেবা, ডায়ালিসিস বেড বৃদ্ধি, উন্নত পার্কিং এবং শিশু বিভাগে শীতাতপ নিয়ন্ত্রণ; একাধিক পরিকল্পনা বাস্তবায়িত হলে শিলিগুড়ি জেলা হাসপাতালের পরিষেবা আরও আধুনিক ও রোগীবান্ধব হয়ে উঠবে বলেই আশা।

মহাকাশ দিবসে নতুন সাজে তারামণ্ডল



নিজস্ব প্রতিবেদন : চন্দ্রযান-৩-এর ঐতিহাসিক সাফল্যকে স্মরণ করে জাতীয় মহাকাশ দিবস উদযাপনে মেতে উঠল শিলিগুড়ির উত্তরবঙ্গ বিজ্ঞান কেন্দ্র। দুই দিনের অনুষ্ঠানের সূচনাতেই নতুন রূপে সেজে ওঠা শীতাতপ নিয়ন্ত্রিত তারামণ্ডলের উদ্বোধন করা হয়।

ছাত্রছাত্রীদের মহাকাশ ও জ্যোতির্বিজ্ঞান সম্পর্কে আরও আগ্রহী করে তুলতেই এই বিশেষ উদ্যোগ। জাতীয় মহাকাশ দিবস উপলক্ষে উত্তরবঙ্গ বিজ্ঞান কেন্দ্রে শুরু হল দু'দিনের বিশেষ অনুষ্ঠান। কেন্দ্রটি ভারতের সংস্কৃতি মন্ত্রকের অধীন জাতীয় বিজ্ঞান জাদুঘর পরিষদের একটি শাখা। ২০২৩ সালে চাঁদের দক্ষিণ মেরুর কাছে চন্দ্রযান-৩-এর ঐতিহাসিক অবতরণের স্মরণে প্রতি বছর ২৩ আগস্ট জাতীয় মহাকাশ দিবস পালন করা হয়। অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল সংস্কার করা এবং সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত তারামণ্ডলের উদ্বোধন। এর ফলে বিশেষ করে ছাত্রছাত্রীদের জন্য মহাকাশ, জ্যোতির্বিজ্ঞান এবং রাতের আকাশের

বিস্ময় আরও আরামদায়ক ও আকর্ষণীয়ভাবে জানার সুযোগ তৈরি হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লন্ডনের এফআরএসএ-এর অধ্যাপক বিকাশ চন্দ্র পাল, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ও আইইউসিএ-র জ্যোতির্বিজ্ঞান গবেষণা ও উন্নয়ন কেন্দ্রের সমন্বয়কারী এবং শিলিগুড়ি শিক্ষা জেলার জেলা শিক্ষা আধিকারিক শ্রী তারাসঙ্কর প্রামাণিক। বিশিষ্ট অতিথিদের হাতে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে সংস্কার করা তারামণ্ডলের উদ্বোধন হয়। এদিন বিশেষ জনপ্রিয় বিজ্ঞান বক্তৃতা ও জ্যোতির্বিজ্ঞান

বিষয়ক কুইজেরও আয়োজন করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন উত্তরবঙ্গ বিজ্ঞান কেন্দ্রের জ্যেষ্ঠ শিক্ষা আধিকারিক বিশ্বজিৎ কুণ্ডু। ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, মহাকাশপ্রেমী ও দর্শনার্থীদের উৎসাহপূর্ণ অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে। জাতীয় মহাকাশ দিবস উদযাপনের দ্বিতীয় দিনে, ২৩ আগস্ট, ছাত্রছাত্রী ও মহাকাশপ্রেমীদের সক্রিয় অংশগ্রহণে মহাকাশ কর্মশালার আয়োজন করা হবে। সেখানে ভারতের মহাকাশ গবেষণা ও প্রযুক্তিতে সাফল্য সম্পর্কে নিজেদের ভাবনা ও জ্ঞান তুলে ধরার সুযোগ পাবেন অংশগ্রহণকারীরা।

রক্তদানে মানবতার বার্তা চোপড়ায়



নিজস্ব প্রতিবেদন : মানুষের পাশে দাঁড়ানোর অঙ্গীকারে চোপড়ায় আয়োজিত হলো রক্তদান শিবির ও চক্ষু পরীক্ষা কর্মসূচি। সামাজিক দায়বদ্ধতার এই উদ্যোগে রক্তদানের পাশাপাশি বিনামূল্যে চোখ পরীক্ষা করানো হয়। মানবিকতার এই বার্তাই ছড়িয়ে দিতে উদ্যোগী হয় পুলিশ ও সমাজকর্মীরা।

সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে চোপড়া থানা ও চোপড়া ট্রাফিক পুলিশের উদ্যোগে আয়োজিত হলো রক্তদান শিবির ও চক্ষু পরীক্ষা কর্মসূচি। এই সামাজিক উদ্যোগে সহযোগিতার হাত বাড়িয়ে দেয় ইসলামপুর সিস্টার্স অ্যান্ড ব্রাদার্স সোসাইটি।

অনুষ্ঠানে পুলিশকর্মী ও বিশিষ্ট সমাজসেবী বাপন দাস বলেন, রক্তদান নিঃসন্দেহে একটি মহৎ সামাজিক কাজ। একজন মানুষের দেওয়া রক্ত অন্য একজনের জীবন বাঁচাতে পারে। তাই রক্তদানের মতো মানবিক কাজের কোনও বিকল্প নেই।

তিনি জানান, ‘মানুষ মানুষের জন্য’; এই ভাবনাকে সামনে রেখেই দীর্ঘদিন ধরে বিভিন্ন রক্তদান শিবির আয়োজনের সঙ্গে যুক্ত রয়েছেন তিনি। মানুষের বিপদের সময়ে পাশে দাঁড়ানো এবং প্রয়োজনীয় রক্তের জোগান নিশ্চিত করাই এই ধরনের উদ্যোগের মূল লক্ষ্য।

পুলিশ ও সমাজকর্মীদের এই উদ্যোগে স্থানীয় মানুষের মধ্যেও উৎসাহ দেখা যায়। রক্তদান ও চক্ষু পরীক্ষার মতো জনকল্যাণমূলক কর্মসূচি নিয়মিত আয়োজনের মাধ্যমে সমাজে মানবিকতার বার্তা আরও ছড়িয়ে দেওয়ার আহ্বান জানানো হয়।

অনুপ্রেরনা

ব্যর্থতা শেষ নয়, শুরু

যে ছাত্র পরীক্ষায় ব্যর্থ হয়ে আবার উঠে দাঁড়ায়, যে ব্যবসায়ী ক্ষতির পর নতুন করে চেষ্টা করে, যে গৃহবধু নিজের হাতে উদ্যোগ শুরু করেন-- তাঁরাই প্রকৃত অনুপ্রেরনা।

জীবন মানেই সংগ্রাম। কিন্তু সংগ্রামের মাঝেও হাসতে শেখাই আসল শক্তি। আমরা চাই, শিলিগুড়ির প্রতিটি মানুষ নিজের গল্প লিখুক সাহসের কালি দিয়ে।

এই অনুপ্রেরনা বিভাগে আমরা তুলে ধরবো এমন একেকজন মানুষকে, যারা ইতিবাচক মনোভাব দিয়ে নিজের জীবন ও সমাজকে এগিয়ে নিয়ে চলেছেন।

সেই রকম তথ্য থাকলে আমাদের হোয়াটসঅ্যাপে মেসেজ করুন : ৯৬৪১৮৫৯৫৬৭

সম্পাদক, খবরের ঘন্টা

ইতিবাচক শিলিগুড়ি

শহর মানেই শুধু যানজট, অভিযোগ আর সমস্যা নয়। শহর মানে মানুষ, মানুষের চেষ্টা আর ছোট ছোট ভালো উদ্যোগ। শিলিগুড়ির অলিগলিতে প্রতিদিন এমন অনেক কাজ হচ্ছে, যা হয়তো বড় শিরোনাম পায় না-- কিন্তু সমাজকে বদলে যাচ্ছে নীরবে।

কেউ ছাদে গাছ লাগাচ্ছেন, কেউ বিনামূল্যে পড়াচ্ছেন দরিদ্র ছাত্রছাত্রীদের, কেউ আবার রক্তদান শিবির আয়োজন করছেন। এই ছোট ছোট আলোর বিন্দুগুলো মিলেই শহরকে সুন্দর করে তোলে।

খবরের ঘন্টা বিশ্বাস করে-- নেতিবাচকতার ভিড়ে ইতিবাচক খবরই মানুষের মনকে শক্তি দেয়। তাই আমরা খুঁজে চলবো সেই মানুষদের, যারা বদলের গল্প লিখছেন নীরবে।

সেই রকম বদলের গল্প থাকলে আমাদের হোয়াটসঅ্যাপ করুন, জানান তথ্য : ৯৬৪১৮৫৯৫৬৭

সম্পাদক, খবরের ঘন্টা

আমাদের অঙ্গীকার

সংবাদপত্র শুধু খবর দেয় না, দিকনির্দেশও দেয়।

আমাদের অঙ্গীকার--

সত্যপ্রকাশ ,

সমাজের গঠনমূলক খবর তুলে ধরা ,

তরুন প্রজন্মকে অনুপ্রানিত করা,

স্থানীয় প্রতিভাকে সামনে আনা।


আমরা বিশ্বাস করি, একটি ইতিবাচক সংবাদ অনেক সময় একটি পরিবারের মনোবল বাড়িয়ে দিতে পারে। একটি সঠিক তথ্য একজন নাগরিককে সচেতন করে তুলতে পারে।

খবরের ঘন্টা থাকবে মানুষের পাশে--সততা ও দায়িত্ববোধ নিয়ে

বাপি ঘোষ

সম্পাদক , খবরের ঘন্টা

প্রতিদিনই কুকুরদের ভালোবাসেন অশোক



নিজস্ব প্রতিবেদনঃ ২৬ আগস্ট আন্তর্জাতিক কুকুর দিবস;কিন্তু অশোক পালের কাছে কুকুরদের ভালোবাসার জন্য কোনও নির্দিষ্ট দিনের প্রয়োজন নেই। বছরের প্রতিটি দিনই তাঁর কাছে পথ কুকুরদের পাশে দাঁড়ানোর দিন।

মুর্শিদাবাদের বহরমপুর ফুলবাগানের কবি, লেখক ও

সমাজসেবী অশোক পাল প্রতিদিন নিজের বাড়ির সামনে থাকা পথ কুকুরদের জন্য খাবারের ব্যবস্থা করেন। কখনও বিস্কুট, কখনও রুটি, আবার কখনও অন্যান্য খাদ্যসামগ্রী দিয়ে তাঁদের মুখে হাসি ফোটানোর চেষ্টা করেন।

আন্তর্জাতিক কুকুর দিবস উপলক্ষে ‘খবরের ঘন্টা’র পক্ষ থেকে বিভিন্ন মানুষের কাছে তাঁদের কুকুরপ্রেমের নমুনা ভিডিও করে পাঠানোর আবেদন জানানো হয়েছিল। সেই আবেদনে সাড়া দিয়ে এগিয়ে আসেন অশোক পাল।

বহরমপুরের ফুলবাগান থেকে নিজের প্রতিদিনের এই মানবিক উদ্যোগের ছবি ও ভিডিও তুলে ‘খবরের ঘন্টা’র কাছে পাঠিয়েছেন তিনি। তাঁর কথায় নয়, প্রতিদিনের কাজেই প্রকাশ পাচ্ছে প্রাণীদের প্রতি তাঁর গভীর ভালোবাসা।

একটি নির্দিষ্ট দিনকে ঘিরে নয়, নিয়মিত পথ কুকুরদের খাবার দিয়ে তাঁদের পাশে থাকার এই উদ্যোগ নিঃসন্দেহে অন্যদেরও প্রাণীদের প্রতি আরও সহানুভূতিশীল হতে অনুপ্রাণিত করবে।